

Total No. of Printed Pages—8

**HS/XII/A. Sc. Com/B/13**

**2 0 1 3**

**BENGALI**

**( Modern Indian Language )**

*Full Marks : 100*

*Time : 3 hours*

*The figures in the margin indicate full marks for the questions*

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূরণ কর (যে-কোন পাঁচটি) : ১×৫=৫

(ক) মানুষের জীবনটা পৃথিবীর নানা — ইতিহাসের নানা পরিচ্ছেদের উপসংহারে, এমন একটা কথা আছে।

( প্রাণীর / জীবের / জীবজন্তুর )

(খ) আমার ভাইপো বলাই, তার প্রকৃতিতে — মূল সুরগুলোই হয়েছে প্রবল।

( আনন্দের / বিষাদের / গাছপালার )

(গ) কাব্য নাটক উপন্যাস দুই-এক বৎসর ফেলিয়া রাখিয়া — করিলে বিশেষ উৎকর্ষ লাভ করে।

( সংশোধন / কাটাকুটি / নকল )

( 2 )

(ঘ) অসময়ে বা শূন্য ভাণ্ডারে অলঙ্কার প্রয়োগের বা রসিকতার চেষ্টার মত ——— আর কিছুই নাই।

( খারাপ / অসুন্দর / কদৰ্ঘ )

(ঙ) বর্তমানে অবশ্য ইন্টারক্লাসের নাম বদলাইয়া ——— ক্লাস হইয়াছে।

( ফাস্ট / সেকেন্ড / থার্ড )

(চ) তবু হয়তো ইহাদেরই ——— ভিক্ষা করিতে হইবে।

( টাকা / খাদ্য / সাহায্য )

(ছ) চলিয়ে ———, গয়া প্যাসেঞ্জার আ গিয়া।

( মাইজি / ভাইজি / পিতাজি )

২। দু-একটি শব্দ দ্বারা যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও :

১×৪=৪

(ক) “যোগাতেন আনি নিত্য ফলমূল সৌমিত্রী।” এখানে ‘সৌমিত্রী’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(খ) “কাঁদালা সরমা তিতি অশ্রুণীরে।” এখানে ‘তিতি’ শব্দের অর্থ কি?

(গ) “এ জগতে হয় সেই বেশী চায় আছে যার ভূরি ভূরি,  
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।”

পংক্তিগুলি কোন্ কবিতার অংশ?

( 3 )

(ঘ) “তুম্বাতুর শেষে পঁহুঁছিনু এসে আমার বাড়ীর কাছে।” এখানে কার বাড়ীর কথা বলা হয়েছে?

(ঙ) “মা আমার দোলনা দুলিয়ে কাটছেন  
ঘুম পাড়ানিয়া ছড়া কোন্ সে সুদূরে।”  
পংক্তিগুলি কোন্ কবিতার অন্তর্গত?

৩। দু-একটি শব্দ দ্বারা যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) “আমি মোগলের দাসী কখনই হইব না।” বক্তা কে?

(খ) “আর উপায় কি সখী?” চঞ্চলকুমারীর এই সখীর নাম কি?

(গ) “মালের কথাই আগে হউক।” বক্তা কে?

(ঘ) “আমার সঙ্গে আইস। তোমরা পথ জানো, পথ দেখাও।” এখানে ‘তোমরা’ বলতে কারা?

(ঙ) বিক্রমসিংহ কোন্ রাজ্যের রাজা ছিলেন?

৪। যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬

(ক) “লোকালয়ে মানুষের মধ্যে আমরা নানা জীবজন্তুর প্রচ্ছন্ন পরিচয় পেয়ে থাকি।” পংক্তিটি কোন্ পাঠের অন্তর্গত? লেখক কে?

(খ) “আরো দু-চারবার এর মৃত্যুদণ্ডের প্রস্তাব করা গেল।” এখানে কে, কার মৃত্যুদণ্ডের প্রস্তাব করেছিলেন?

(গ) “অন্য উদ্দেশ্যে লেখনী ধারণ মহাপাপ।” বক্তা কে, তাঁর মতে সাহিত্যের উদ্দেশ্য কি তা একটি বাক্যে লেখ।

( 4 )

(ঘ) “উঠলে তো, এখন বসবে কোথায় বাছা?” একথা কে, কাকে বলেছিল?

(ঙ) “নার্যাস্ত যত্র পূজ্যন্তে, রমন্তে তত্র দেবতা।” শ্লোকটির অর্থ কি?

৫। যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর সংক্ষেপে লেখ :

২×৫=১০

(ক) “পূর্বকথা শুনিবারে যদি ইচ্ছা তব  
কহি আমি, শুন মনঃ দিয়া।”

পংক্তিটি কোন্ কবিতার অংশ? কবির নাম কি?

(খ) “তুলি কুবলয়ে (অতুল-রতন-সম) পরিতাম কেশে।” উক্তিটি  
কার? কুবলয় শব্দের অর্থ কি?

(গ) “পরে মাস দেড়ে ভিটেমাটি ছেড়ে বাহির হইনু পথে।” এখানে  
কে, কেন পথে বের হল?

(ঘ) “স্নেহের সে দানে বহু সম্মানে বারেক ঠেকানু মাথা।”

পংক্তিটি কোন্ কবিতার অংশ? ‘স্নেহের দান’ বলতে এখানে কোন্  
দানের কথা বোঝানো হয়েছে?

(ঙ) “পুকুরে কলস ভাসে।” পংক্তিটি কোন্ কবিতার অংশ? কার  
লেখা?

(চ) “একুশের প্রথম প্রভাতফেরী।” এখানে কোন্ মাসের একুশের  
কথা বলা হয়েছে? একুশের প্রভাতফেরী কি কারণে করা হয়?

( 5 )

(ছ) “কত বড় গুরুতর কার্যে আমি আপনাকে অনুরোধ করিতেছি, তাহা আমি জানিনা, এমত নহে।” কে, কার প্রতি এই উক্তিটি করেছেন?

(জ) “যাহারা জানিত, মহারাজ গুহামধ্যে তাহাদের বধ করিয়া আসিয়াছেন।” একথা কে, কাকে বলেছে?

৬। নীচের যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

৪

(ক) “পয়সা উঠা লেও। তুমিহি কো দিয়া।” একথা কাকে বলা হয়েছে? কখন?

(খ) “তারা বাগানের সৌখিন গাছ নয়, তাদের নালিশ শোনবার কেউ নেই।” পংক্তিটি কোন্ পাঠের অংশ? এখানে ‘তারা’ বলতে যাদের কথা বলা হয়েছে, তাদের নাম লেখ।

(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের মতে শ্রেষ্ঠ লেখক কে? লেখকের যশ কিভাবে আসে?

৭। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

৮

(ক) ‘রাজসিংহ’ পাঠ অনুসারে রাজসিংহ চরিত্রের বীরত্ব, বুদ্ধিমত্তা, বিবেচনাশক্তি ও রাজনীতি-কুশলতার পরিচয় দাও।  $২+২+২+২=৮$

(খ) “এখন সাহস হইয়াছে, রাজসিংহের আশ্রয় গ্রহণ করাই ভাল।” বক্তা কে, কোন্ পরিস্থিতিতে রাজসিংহের আশ্রয় গ্রহণ করার সাহস হল তাঁর?  $২+৬=৮$

(গ) অনন্ত মিশ্র কে ছিলেন? অনন্ত মিশ্রের উদয়পুর যাত্রাপথের বিবরণ দাও।  $২+৬=৮$

৮। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) “হেরি তব অশ্রুবারি ইচ্ছি মরিবারে।” বক্তা কে? পংক্তিটি কোন্ কবিতার অংশ? কবিতার সারসংক্ষেপ লেখ। ১+১+৮=১০

(খ) “তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে।” এখানে ‘তুমি’ ও ‘আমি’ কে কে? ‘দুই বিঘা জমি’ কবিতা অনুসারে দুর্বলের উপর সবলের অত্যাচারের কাহিনী সংক্ষেপে লেখ। ১+১+৮=১০

(গ) “বাংলা ভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত চেনা ছবি।” ‘বাংলা ভাষা উচ্চারিত হলে’ কবিতাটি কার রচনা? কবিতায় প্রকাশিত কবির ‘চেনা ছবি’গুলির সংক্ষিপ্ত বর্ণনা দাও। ২+৮=১০

৯। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ‘বলাই’ গল্পে বর্ণিত বলাই চরিত্রের মূল বৈশিষ্ট্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

(খ) “আমার মজুরী আট আনা, দুটাকা দিচ্ছেন কেন?” উক্তিটি কার? এই উক্তির আলোকে বক্তার চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৮=১০

(গ) “এই নিয়মগুলি বাঙ্গালা লেখকদের দ্বারা রক্ষিত হইলে, বাঙ্গালা সাহিত্যের উন্নতি বেগে হইবে।” বক্তা কে? তিনি বাংলা সাহিত্যের উন্নতির জন্য যে নিয়মগুলির নির্দেশ দিয়েছেন তা সংক্ষেপে লেখ। ২+৮=১০

১০। উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন তিনটি) : ২×৩=৬

অভিশ্রুতি ; স্বরভক্তি ; তদ্ভব শব্দ ; সমীভবন ; অপিনিহিতি।

১১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১+১=২

(ক) নিচের শব্দগুলিতে কোন ধরনের পরিবর্তন সাধিত হয়েছে, লেখ  
(যে-কোন একটি) :

ইস্কুল ; শক্তি ; রিস্কা ; রাইত ।

(খ) নীচের পংক্তিটির অলঙ্কার নির্ণয় কর :

“যথা গোমুখীর মুখ হইতে সুস্বনে  
ঝরে পূত বারি-ধারা, কহিলা জানকী ।”

১২। নীচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে-কোন দুটি) : ৩×২=৬

শ্লেষ ; অনুপ্রাস ; সমাসোক্তি ; উপমা ।

১৩। নীচের যে-কোন চারটি বাক্যের বঙ্গানুবাদ কর : ২×৪=৮

(ক) We have five senses—touch, taste, sight, smell and hearing.

(খ) Successful people have a sixth sense—common sense.

(গ) People says that the morning shows the day.

(ঘ) The more you read, the more you know.

(ঙ) Learn to like the things that need to be done.

(চ) Schools are fountains of knowledge.

১৪। নীচের অনুচ্ছেদটির সারাংশ লেখ :

৮

“বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা—  
বিপদে আমি না যেন করি ভয়।  
দুঃখতাপে-ব্যথিত চিতে নাই-বা দিলে সান্ত্বনা,  
দুঃখে যেন করিতে পারি জয়।  
সহায় মোর না যদি জুটে নিজের বল না যেন টুটে—  
সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা,  
নিজের মনে না যেন মানি ক্ষয় ॥”

১৫। নীচের যে-কোন একটি বিষয় অবলম্বন করে একটি নিবন্ধ লেখ :

১০

- (ক) মেঘালয়ের প্রাকৃতিক সম্পদ
- (খ) মোবাইল ফোন ব্যবহারের উপকারিতা ও অপকারিতা
- (গ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার
- (ঘ) লন্ডন অলিম্পিক ও ভারত

\*\*\*